

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম-পরিকল্পনার কপি।
২। অর্থ মন্ত্রণালয় কর্তৃক অফিস আদেশের কপি।
৩। প্রাক্কলন।

বিষয়ঃ এফ.এম বিভাগ-১ এর মাধ্যমে জরুরী ব্রেক ডাউন কাজ করার নিমিত্তে এবং নতুন/পুরাতন মালামাল লোডিং-আনলোডিং কাজে দৈনিক লেবার খাটানোর খরচের অনুমোদন প্রসংক্ষে।

১। মডুস সার্কেল-১ এর আওতাধীন ৬৫০ টির অধিক কূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত-রক্ষণাবেক্ষন কাজ দিবা/রাত্রি এফ.এম বিভাগ-১ এর মাধ্যমে করা হয়ে থাকে। নতুন কূপ স্থাপনের পাশাপাশি প্রতিস্থাপিত, রিজেনারেশনকৃত ও রিহ্যাবিলিটেশন কূপ চালু করে Dual Pump চালানোর ফলে গভীর নলকূপের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এছাড়া পানির স্তর নিম্নগামী হওয়ায় প্রতি ব্রেকডাউন কাজে এক বা একাধিক কলাম পাইপ সংযোজন করতে হয়। নতুন খননকৃত কূপে হাউজিং গভীরতা ৪৩০ ফুট এর অধিক। বিভাগীয় লোকবল দ্বারা প্রতিদিন কাজ করেও জোন কর্তৃক হতে প্রাপ্ত অভিযোগ তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া সম্ভব হয় না। অন্যদিকে এফ.এম.বিভাগ-১ এর জনবল পূর্বের তুলনায় অনেক কম। বদলী, অবসর জনিত, মৃত্যু বরণ ইত্যাদি কারণে পদ শূন্য হলেও নতুন নিয়োগ বা অন্য বিভাগ থেকে বদলী করে উক্ত শূন্য পদ পূরণ করা হচ্ছে না। ইতিমধ্যে ভিন্ন ভিন্ন নথিতে প্রশাসন বিভাগ-১ ও ২ এ লোকবলের চাহিদা প্রেরণ করা হয়েছে। অধ্যবদি প্রয়োজনীয় সংখ্যক জনবল পাওয়া যায়নি। তাছাড়া প্রতিটি ব্রেক ডাউন কাজ করতে প্রতিটি টিমে ১০/১১ জন জনবল প্রয়োজন হয়। বাস্তবে প্রতিটি টিমে ৭/৮ জন করে জনবল রয়েছে। এরমধ্যে অসুস্থতা, ছুটি-ছাটা জনিত কারণে প্রতিটি ব্রেক ডাউন টিমে জনবল আরও কমে যায়। যার ফলে পর্যাপ্ত সংখ্যক জনবল ঘাটতির কারণে যথাসময়ে ব্রেক ডাউন টিম মবিলাইজড করতে বিলম্ব ঘটে। তাছাড়া প্রতিদিনকার মেরামত-রক্ষণাবেক্ষন কাজ চালু রাখার স্বার্থে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে ইনডেন্ড এর মাধ্যমে প্রচুর সংখ্যক নতুন স্পেয়ার মালামাল আনতে হয় এবং বিভাগীয় ভান্ডার হতে পুরাতন ও অকেজো বৈদ্যুতিক ও যান্ত্রিক হেভী ওয়েট মালামাল যেমনঃ সাব-মারসিবল পাম্প মোটর, ট্রান্সফরমার, এইচটি ক্যাবল, এলটি ক্যাবল, এলটি প্যানেল, ভি এফ ডি, ডিওএফসি/লাইটনিং এরেষ্টার, নন-রিটার্ন ভাল্ব, শর্টপিচ, এম এস পোল ইত্যাদি মালামাল কেন্দ্রীয় ভান্ডারে এম আর এস এর মাধ্যমে জমা করতে হয়। তাছাড়া বিভিন্ন জায়গায় বৈদ্যুতিক এইচটি ফল্ট দেখা দিলে জরুরী ভিত্তিতে পাকা রোড ভেঙ্গে ক্যাবল মেরামত/পরিবর্তন কাজেও প্রয়োজনীয় সংখ্যক লেবার সরবরাহ করে কাজটি সম্পন্ন করতে হয়। সেপ্রেক্ষিতে প্রয়োজন অনুযায়ী লেবার নিয়োজিত করে নতুন/পুরাতন মালামাল আনা-নেওয়া ও লোডিং-আনলোডিং করার জন্য একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে সর্বমোটঃ ২,৯৬,০০০/- (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার এফ.এম.বিভাগ-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের (SL-41, PW-32) হতে নির্বাহ করা হবে (কপি সংযুক্ত)।

SE ~~RPE~~ M

মোঃ আবুল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-১, ঢাকা ওয়াশা।

মোঃ গোলাম মোস্তফা
সহকারী একৌশলী
এফ এম বিভাগ-১ ঢাকা ওয়াশা

মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াশা।

২.৪.৮
মোঃ আঃ জাতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম মার্কে
ঢাকা ওয়াশা।

2000

প্রকৌশলী মোঃ আব্দুস সাদাম মাসপাণী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

14/08/2025

AE